

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিদপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং ১২.৩০.০৪০.০০.৯৯.৮৫.২০১৪-০১


তারিখ: ০৫/০১/২০১৫ খ্রিঃ

বিষয় : সার পরিস্থিতি মনিটরিং প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমানে সার ব্যবহারের ভরা মৌসুম চলছে। এ মৌসুমে সার সরবরাহের লক্ষ্যে বিভিন্ন সার গুদামে পর্যাপ্ত সারের মজুদ গড়ে তোলা হয়েছে। তারপরও বিভিন্ন পত্রিকায় কিছু অসাধু ডিলার/ব্যবসায়ী কর্তৃক চড়া দামে সার বিক্রয়ের অভিযোগ প্রকাশিত হচ্ছে, যা মোটেই কাম্য নয়।

০২। চলতি সার ব্যবহারের ভরা মৌসুমে জেলা/উপজেলার চাহিদা অনুযায়ী বরাদ্দকৃত সার উত্তোলনের পাশাপাশি সরকার নির্ধারিত মূল্যে কৃষকের নিকট সার বিক্রয়ের বিষয়টিও নিশ্চিত করতে হবে। এ জন্য বর্তমান মনিটরিং কার্যক্রম আরো জোরদার করতে হবে। সরকার নির্ধারিত মূল্যের চেয়ে বেশি দামে কেউ সার বিক্রয় করলে তার বিরুদ্ধে সংশ্লিষ্ট আইন অনুযায়ী তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৩। প্রয়োজনবোধে জেলা তথ্য অফিসের মাধ্যমে সারের নির্ধারিত খুচরা মূল্য বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।


(শেখ বদিউল আলম)
উপ-প্রধান
(কৃষি অর্থনীতিবিদ)
ফোন: ৯৫৪০৬০৬

বিতরণ :

- ১। জেলা প্রশাসক, -----সকল।
- ২। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, -----সকল।

অনুলিপি :

- ১। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (মাঠ পর্যায়ে তদারকি বৃদ্ধির জন্য অনুরোধ করা হলো।)
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন, ১৬৬-১৬৭ পুরানা পল্টন, ঢাকা।